# আল-কামার | Al-Qamar | اَلْقَمَر

আয়াতঃ ৫৪ : ৫০

## আরবি মূল আয়াত:

وَ مَا اَمۡرُنَاۤ اِلَّا وَاحِدَۃٌ کَلَمۡحٍۭ بِالۡبَصَرِ ﴿۵۰﴾

## অনুবাদসমূহ:

আর আমার আদেশ তো কেবল একটি কথা, চোখের পলকের মত। — আল-বায়ান

আমার আদেশ তো মাত্র একটি কথা- চোখের পলকের মত। — তাইসিরুল

আমার আদেশতো একটি কথায় নিস্পন্ন, চোখের পলকের মত। — মুজিবুর রহমান

And Our command is but one, like a glance of the eye. — Sahih International

৫০. আর আমাদের আদেশ তো কেবল একটি কথা, চোখের পলকের মত।(১)

(১) অর্থাৎ কিয়ামত সংগঠনের জন্য আমাকে কোন বড় প্রস্তুতি নিতে হবে না কিংবা তা সংঘটিত করতে কোন দীর্ঘ সময়ও ব্যয়িত হবে না। আমার পক্ষ থেকে একটি নির্দেশ জারী হওয়ার সময়টুকু মাত্র লাগবে। নির্দেশ জারী হওয়া মাত্রই চোখের পলকে তা সংঘটিত হয়ে যাবে।

তাফসীরে জাকারিয়া

(৫০) আমার আদেশ তো একটি কথায় নিষ্পন্ন হয়, চক্ষুর পলকের মত।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন